

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

শরিবার, জুলাই ২৩, ২০০৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিল্প মন্ত্রণালয়

আদেশ

তারিখ, ২৩ জুলাই ২০০৫/০৮ শ্রাবণ ১৪১২

এস, আর, ও নং ২২৬-আইন/২০০৫-শিম/সস-২/২৫/২০০০(অং-১)।—Gur, Sugar and Sugar Products (Manufacture and Movements) Control Order, 1956 এর paragraph 6 এর proviso তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার, দেশীয় আখ মাড়াই-যন্ত্রপাতি (কান্ট্রি ক্রাশার) দ্বারা গুড় তৈরীর ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্তপূরণ করিবেন এমন সকল ব্যক্তিকে ১৮ই আষাঢ়, ১৪১২ বাং মোতাবেক ২রা জুলাই, ২০০৫ইং তারিখ হইতে ১৭ই জ্যৈষ্ঠ, ১৪১৩ বাং মোতাবেক ৩১শে মে, ২০০৬ইং তারিখ পর্যন্ত সময়কালের জন্য উক্ত Order এর paragraph 6 এর পূর্ণ প্রয়োগ হইতে এতদ্বারা আংশিক অব্যাহতি প্রদান করিল, যথাঃ—

শর্ত

সংশ্লিষ্ট সুগার মিল প্রদত্ত তদারকী ঋণ ব্যবহারক্রমে উৎপাদিত আখ হইতে কোনক্রমেই গুড় প্রস্তুত করা যাইবে না। তবে কোন ব্যক্তি গুড় প্রস্তুত করিতে চাহিলে মিলজোন এলাকায় মিল চালুর দুই-তিন মাস পরে তদারকী ঋণ বহির্ভূত জমিতে উৎপাদিত আখের সর্বোচ্চ ২০% মিল কর্তৃপক্ষের পূর্ব-অনুমতি গ্রহণ সাপেক্ষে শুধুমাত্র দেশীয় মাড়াইকল দ্বারা (Power Crusher নহে) গুড় প্রস্তুত করিতে পারিবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ মোজাম্মেল হক খান
উপ-সচিব।

মোঃ নূর-নবী (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।

(৭৬২৭)

মূল্য : টাকা ২.০০